যুগান্তর

তারিখ ... 04 MAR 2003
পৃষ্ঠা ... ২ কলাম ... ৭

# শান্তিপূর্ণভাবে চবি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

চট্টগ্রাম ব্যুরো

ভর্তি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। বুধবার ছাত্রশিবির ও ছাত্রলীগের মধ্যকার উত্তেজনার পরিপ্রেক্ষিতে গতকাল ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। সংঘর্ষের ঘটনা এড়াতে পুলিশ ও প্রক্টরিয়াল বডি সার্বক্ষণিক তৎপর ছিল। পূর্ববর্তী নিয়ম অনুযায়ী গতকাল বৃহস্পতিবার সকাল ১০টা ও বেলা ২টায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। গত দু'দিনের ভর্তি পরীক্ষায় সাড়ে ১১ হাজার ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। সিন্ডিকেটের নিষেধাজ্ঞা সত্ত্বেও ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে ক্যাম্পাসে ছাত্রসংগঠনগুলোর রাজনৈতিক কর্মকাণ্ড আরও বেড়ে গেছে। গত দু'দিন ধরে জাতীয়তাবাদী ছাত্রদলও তাদের গ্রুপিং বাদ দিয়ে একই সঙ্গে মিছিল সমাবেশ করছে। চট্টগ্রাম সরকারি সিটি কলেজ ছাত্রলীগ বুধবার ক্যাম্পাসে ছাত্রলীগ নেত্রীর সঙ্গে ছাত্রশিবিরের অশ্লীল আচরণের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।